১৭

ঢাকা ওয়াসা

বিষয়: Water treated sludge remove at IRP-2, Savar-keraniganj wellfield plant.প্রসঙ্গে।

১) সাভার-কেরানীগঞ্জ ওয়েল ফিল্ড প্ল্যান্ট একটি কেপিআই ভূক্ত স্থাপনা। অত্র প্লান্টের আওতায় ৪৬ টি গভীর নলকুপ আছে তন্মধ্যে ৪৫ টি গভীর নলকুপ হতে পানি উত্তোলিত বা চলমান রয়েছে বাকী ১টি গভীর নলকুপ চালুর প্রক্রিয়াধীন। আইআর পি-১ এর ১৩ কিলোমিটার এবং আইআর পি-২ এর ১০ কিলোমিটার ট্রান্সমিশন পাইপ লাইন রয়েছে এছাড়া OGR হতে ডিস্ট্রিবিউশন পয়েন্ট পর্যন্ত ১৩.২ কিলোমিটার পাইপ লাইন নেটওয়ার্ক বিদ্যমান। আলোচ্য প্লান্টের পানি পরিশোধন প্রক্রিয়ার সময় আয়রন স্লাজ তৈরী হয়। যা ম্যাস ক্লিনিং এবং ব্যাক ওয়াসের সময় স্লাজ ড্রায়িং বেড এ জমা হয়। IRP-2 এর স্লাজ ড্রায়িং বেড দীর্ঘ দিন যাবৎ পরিষ্কার করা হয়নি। উক্ত স্লাজ বেডে প্রায় ১ মিটার স্লাজ জমে গিয়ে ওয়াটার ইনলেট চেম্বার ডুবে ডিওয়াটারিং চেম্বারে স্লাজ প্রবেশ করছে। স্লাজ বেডের আকার ৩৫মি X২০মি যা ম্যানুয়ালি পরিষ্কার করা প্রয়োজন। এছাড়া স্লাজ বেডের ঢালের বিভিন্ন অংশের ভরাটকৃত বালু সরে গিয়ে স্লাজ বেডে ফাটল ধরছে এবং বসে গেছে যাহা মেরামত করা প্রয়োজন। উক্ত কাজের জন্য PWD rate schedule-২০২২ দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ৪,৯২,৭৬০.৭৬৪ (চার লক্ষ বিরানব্বই হাজার সাতশত ষাট দশমিক সাত ছয় চার) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৩-২৪ ইং অর্থ-বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন স্থাপন/পূন: স্থাপন খাত (ক্র:নং-১৭৭) হতে নির্বাহ করা করা হবে।

২) এমতাবস্থায়, উপর্যুক্ত বিস্তারিত বর্ণণার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Water treated sludge remove at IRP-2, Savar-keraniganj wellfield plant শীর্ষক কাজটি জরুরী সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৭৬/১ (ট) ধারায় এ এন্ড ডি ব্রাদার্স (A& D Brothers) এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯২,৭৬০.৭৬৪ (চার লক্ষ বিরানব্বই হাজার সাতশত ষাট দশমিক সাত ছয় চার) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার পানির লাইন স্থাপন/পূন: স্থাপন খাত (ক্র:নং-১৭৭) হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

SE, WS/PCirc

20/5/24
মোঃ সুমন আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

AE
20/05/24
জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

EE
20/05/2024
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

০২ অনুচ্ছেদ-০২ এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

SE
20/05/2024
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

20/05/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

CE.

০৪। OK.
20/5/2024
প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (অ: দা:)
ঢাকা ওয়াসা।

DMD (O&M) / MD মহোদয়

০৫। অনুচ্ছেদ-০৪ এর অনুমোদনের আলোকে NOA প্রদানের ব্যবস্থা নিন।

২১/০৫/২০২৪
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

AE(২)/SAE(১)

০৬। আলোচ্য কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান **M/S A & D Brothers** কে Notification of Award (NOA) প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত Notification of Award (NOA) চিঠি উপস্থাপন করা হল। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

২১/০৫/২৪
মোঃ জার্জিস আলম
অফিস ক্লার্ক
সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

সংযুক্তি- । Contract No- 46.113.626.00.00.010.2024-187; Date: 21/05/2024. বিষয়ঃ আলোচ্য কাজের মূল্যায়নে উত্তীর্ণ ঠিকাদারী প্রতিষ্ঠান **M/S A & D Brothers** কে প্রদত্ত Notification of Award (NOA).

21/05/24

ঢাকা ওয়াসা

৭। Water treated sludge remove at IRP-2, Savar-keraniganj wellfield plant কাজের ঠিকাদার মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স ২৬/০৫/২০২৪ইং তারিখে পারফরমেন্স গ্যারান্টি জমা প্রদান করেন। এমতাবস্থায়,সংশ্লিষ্ট কাজের ঠিকাদারের সহিত চুক্তি এবং কাজ শুরু করার লক্ষ্যে কার্যাদেশ (Work order) দেয়া যেতে পারে। এ লক্ষ্যে তৈরীকৃত চুক্তি পত্র এবং কার্যাদেশ প্রস্তুত করে সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হলো।

26/05/24